ফিলিস্তিনে ইসরাইলিদের বর্বর হামলার প্রতিবাদে মেহেরপুরে মানববন্ধন

ফিলিস্তিনে ইসরাইলিদের বর্বর হামলার প্রতিবাদে মানববন্ধন ও সেমিনার করেছে বাংলাদেশ তথ্য ও মানবাধিকার ফাউন্ডেশন, মেহেরপুর জেলা শাখা।

বৃহস্পতিবার দুপুর ১২টায় মেহেরপুর কবি নজরুল শিক্ষা মঞ্জিলের সামনে মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠিত হয়। মানববন্ধন শেষে উক্ত প্রতিষ্ঠানের হলরুমে মানবাধিকার বিষয়ক একটি সেমিনার অনুষ্ঠিত হয়।

সেমিনারে সভাপতিত্ব করেন সংগঠনের জেলা শাখার সভাপতি সাংবাদিক রফিকুল আলম। এতে উপস্থিত ছিলেন ড. গাজীউর রহমান, মেহেরপুর সই উদ্দিন ডিগ্রি কলেজের সাবেক অধ্যক্ষ একরামুল আজীম, জেলা সমাজসেবা অফিসার মোঃ মুনসুর আলী এবং কবি নজরুল শিক্ষা মঞ্জিলের সিনিয়র শিক্ষক মাওলানা তালিব উদ্দিন।

মানবাধিকার বিষয়ে শিক্ষামূলক বক্তব্য উপস্থাপন করেন বাংলাদেশ তথ্য ও মানবাধিকার ফাউন্ডেশনের পরিচালক এম এ মুহিত। সেমিনারটি সঞ্চালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক দিলারা জাহান।

মেহেরপুরে হারানো ১০৭টি মোবাইল উদ্ধার করে মালিককে তুলে দিল পুলিশ

ফেব্রুয়ারি ও মার্চ মাসে মেহেরপুর জেলার বিভিন্ন স্থান থেকে হারিয়ে যাওয়া বিভিন্ন ব্র্যান্ডের ১০৭টি মোবাইল ফোন এবং মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে প্রতারণার শিকার হয়ে হারানো ৬ লাখ ৭ হাজার টাকা দেশের বিভিন্ন স্থান থেকে উদ্ধার করেছে মেহেরপুর

জেলা পুলিশের সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন ইউনিট।

উদ্ধারকৃত মোবাইল ফোন ও নগদ টাকা প্রকৃত মালিকদের কাছে হস্তান্তর করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুর ১২টায় মেহেরপুর পুলিশ সুপারের সভাকক্ষে এক সংবাদ সম্মেলনের মাধ্যমে মালিকদের হাতে এসব ফোন ও টাকা তুলে দেন পুলিশ সুপার মাকসুদা আক্তার খানম।

উদ্ধারকৃত মোবাইল ফোনগুলোর মধ্যে মেহেরপুর সদর থানার ৬১টি, গাংনী থানার ১৬টি এবং মুজিবনগর থানার ৩০টি রয়েছে। এছাড়া মোবাইল ব্যাংকিং প্রতারণার মাধ্যমে আত্মসাৎ হওয়া ৫ লাখ ১৭ হাজার টাকা ও ভুলক্রমে অন্য অ্যাকাউন্টে পাঠানো ৯০ হাজার টাকাসহ মোট ৬ লাখ ৭ হাজার টাকা উদ্ধার করা হয়, যা মেহেরপুর সদর থানার আওতাধীন ছিল।

সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) আব্দুল করিম, সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি)।

মেহেরপুরে কড়া নজরদারিতে এসএসসি ও সমমান পরীক্ষা

মেহেরপুরে সিসি ক্যামেরার আওতায় ১৭টি পরীক্ষা কেন্দ্রে কঠোর নিরাপত্তার মধ্য দিয়ে শুরু হয়েছে এসএসসি, দাখিল ও সমমানের পরীক্ষা। নকলমুক্ত পরিবেশ নিশ্চিত করতে জেলা ও উপজেলা প্রশাসন এবং শিক্ষা বিভাগ সর্বোচ্চ প্রস্তুতি গ্রহণ করেছে।

জেলা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, চলতি বছর মেহেরপুর জেলায় মোট পরীক্ষার্থী সংখ্যা ৮,৭০২ জন। এর মধ্যে মেহেরপুর সদর উপজেলায় ৫টি কেন্দ্রে ৩,২১৭ জন, গাংনী উপজেলায় ১০টি কেন্দ্রে ৪,২৯০ জন এবং মুজিবনগর উপজেলায় ২টি কেন্দ্র ও ১টি উপকেন্দ্রে মোট ৯১২ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছেন।

সবকটি কেন্দ্রে সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে এবং পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সার্বিক নজরদারি ও প্রশাসনিক তৎপরতা জোরদার করা হয়েছে।

আজ এসএসসি ও সমমান পরীক্ষা

আজ হচ্ছে চলতি বছরের এসএসসি ও সমমানের পরীক্ষা। মেহেরপুর জেলার সদর উপজেলায় ৫ টি কেন্দ্রে ৩২১৭ জন, গাংনী উপজেলায় ১০ টি কেন্দ্রে ৪২৯০ জন ও মুজিবনগর উপজেলায় ২ টি কেন্দ্র ও একটি উপকেন্দ্রে মোট ৯১২ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেবেন বলে জানিয়েছেন জেলা শিক্ষা অফিস।

মেহেরপুর জেলা শিক্ষা অফিসার হযরত আলী জানান, পূর্বনির্ধারিত রুটিন অনুযায়ী আগমীকাল বৃহষ্পতিবার যশোর শিক্ষা বোর্ড, বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধিনে এসএসসি ও সমমানের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ইতোমধ্যে তিনটি উপজেলার উপজেলা নির্বাহী অফিসার, সকল কেন্দ্র সচিব, সহকারী কেন্দ্র সচিব, হল সুপার, ট্যাগ অফিসার, কক্ষ পরিদর্শকসহ পরীক্ষা সংশ্লিষ্ট সকলকে নিয়ে মতবিনিময় সভা করা হয়েছে। নকলমুক্ত ও সর্বোচ্চ সুশৃঙ্খলভাবে এবারের এসএসসি ও সমমানের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

সকল কেন্দ্রে সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে। সর্বোচ্চ নিরাপত্তা ও সুষ্ঠুভাবে পরীক্ষা নেওয়ার জন্য জেলা ও উপজেলা প্রশাসন এবং শিক্ষা বিভাগের পক্ষ থেকে সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে। সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনা করতে সকলের সহযোগিতা কামনা করেছেন তিনি।

চেক জালিয়াতি মামলায় সাংবাদিক সুমনের জেল-জরিমানা

মেহেরপুরে চেক জালিয়াতি মামলায় আফসারুল হাসান সুমন (সুমন সাংবাদিক) কে এক বছরের কারাদণ্ড ও ৯৫ হাজার টাকা জরিমানার আদেশ দিয়েছেন আদালত।

গতকাল বুধবার বিকালে মেহেরপুর যুগ্ম জেলা ও দায়রা জজ ১ম আদালতের বিচারক এমদাদুল হক এ রায় দেন। সাজাপ্রাপ্ত সুমন মেহেরপুর শহরের বড় বাজার এলাকার মৃত আনোয়ারুল ইসলামের ছেলে।

জানা গেছে, সুমন ২০২৩ সালের ২০ আগস্ট ব্যবসায়িক লেনদেনের সূত্র ধরে মেহেরপুর শহরের সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় পাড়ার ফারুক হোসেনের ছেলে হাসানুল মারুফ এর ৯৫ হাজার ৩৮৭ টাকা পাওনা বাবদ রূপালী ব্যাংক শাখার একটি চেক প্রদান করেন। পরে ওই চেকের অনুকূলে কোন টাকা না থাকায় চেকটি ডিজ অনার করা হয়।

পরে হাসানুল মারুফ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আমলী আদালতে একটি মামলা দায়ের করেন। ওই মামলায় বিজ্ঞ আদালত আফসারুল হাসান সুমন (সুমন সাংবাদিক) কে এক বছরের কারাদণ্ড ও চেকের সমপরিমাণ ৯৫ হাজার টাকা জরিমানার আদেশ দেন।

মামলা রাষ্ট্রপক্ষে এ পি পি মখলেছুর রহমান খান স্বপন এবং আসামি পক্ষে রুত সোভা মন্ডল কৌশলী ছিলেন। সাজাপ্রাপ্ত সুমন পলাতক রয়েছে।

মেহেরপুরের বারাদীতে ওয়ার্ড বিএনপি’র কমিটি গঠন

মেহেরপুর সদর উপজেলার বারাদী ইউনিয়নের রাজনগর ১ নং ওয়ার্ড বিএনপি’র সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেল পাঁচটার দিকে রাজনগর দাখিল মাদ্রাসা প্রাঙ্গনে এ সম্মেলনের আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য ওমর ফারুক লিটনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সদস্য হাফিজুর রহমান হাফি।

জেলা বিএনপির সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেননের সঞ্চালনায় এছাড়াও এসময় জেলা জাসাসের সদস্য সচিব বাকা বিল্লা, জেলা যুবদলের সহ-সভাপতি এস এ খান শিল্টু, জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ন আহ্বায়ক মাহফুজুর রহমান, রাকিবুল ইসলাম সজল, আকশেদ আলী, মাহাবুল হাসান মিলন জনিসহ বারাদী ইউনিয়ন বিএনপি’র নেতাকর্মী উপস্থিত ছিলেন।

১ নং ওয়ার্ড বিএনপি’র কমিটিতে সভাপতি শাহাবুল ইসলাম, সাধারণ সম্পাদক শাহাবদ্দীন নির্বাচিত হন।

গাংনীতে ট্রাক চাপায় বৃদ্ধের মৃত্যু

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা শেষে বাড়ি ফেরা হলো না সামসুল হক (৬৫) নামের এক বৃদ্ধের। পথেই ঘাতক ট্রাক কেড়ে নিলো তার প্রাণ।

বুধবার (৯ এপ্রিল) সকালে গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া-নবীনপুর সড়কে এ দুর্ঘটনা ঘটে।

নিহত সামসুল হক গাংনী উপজেলার নওপাড়া নবীনপুর গ্রামের বাসিন্দা। তার ছেলে শামীম হোসেন জানান, সকাল সাড়ে ১০টার দিকে তার বাবা গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে চিকিৎসা নিয়ে একটি পাখিভ্যানে করে বাড়ি ফিরছিলেন। পথে নওপাড়া বাজার পার হয়ে নবীনপুরের কাছে পৌঁছালে একটি ট্রাক তাকে চাপা দেয়। এতে তিনি গুরুতর আহত হন।

স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে তার অবস্থার অবনতি ঘটে। পরে কর্তব্যরত চিকিৎসক তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন। কিন্তু হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়।

এ ঘটনায় স্থানীয়রা ট্রাকটি আটক করলেও চালক পালিয়ে যায়।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বনি ইসরাইল জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়। ট্রাকটি জব্দ করে থানায় আনা হয়েছে।

মেহেরপুরে ভোক্তা অধিকারের অভিযানে ৫০ হাজার টাকা জরিমানা

মেহেরপুরে ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে এক ব্যবসায়ীকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। বুধবার দুপুরে মেহেরপুর কোর্ট রোডে এ অভিযান পরিচালনা করা হয়।

জেলা কার্যালয়ের সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) মোহাম্মদ মামুনুল হাসান জানান, মেসার্স সাগর স্টোরে অনুমোদনবিহীন আইললি (জুস) বিক্রির দায়ে ৫০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। এছাড়াও ১৫ কার্টন শিশুখাদ্য ধ্বংস করা হয়।

তিনি আরও জানান, জনস্বার্থে এ ধরনের অভিযান চলমান থাকবে।

অভিযানকালে উপস্থিত ছিলেন নিরাপদ খাদ্য কর্মকর্তা মো. রিয়াজ মাহমুদ ও জেলা পুলিশের একটি টিম।

মেহেরপুরে আল্লাহকে নিয়ে কটূক্তি, যুবককে গণধোলাই

মেহেরপুর শহরে আল্লাহকে নিয়ে কটূক্তি করায় হাফিজুল ইসলাম (৩৫) নামের এক রিকশাচালককে গণধোলাই দিয়ে পুলিশের হাতে সোপর্দ করেছে জনতা।

বুধবার (৯ এপ্রিল) দুপুরে মেহেরপুর প্রেসক্লাবের সামনে এই ঘটনা ঘটে। হাফিজুল মেহেরপুরের গাংনী উপজেলার সহোগলপুর গ্রামের বাসিন্দা এবং বাবলুর ছেলে।

প্রত্যক্ষদর্শীরা জানান, ঘটনার সময় মেহেরপুর প্রেসক্লাবের সামনে ইসলাম, মুসলিম, ঈমান ও ফিলিস্তিন বিষয়ে কটূক্তির প্রতিবাদে মানববন্ধন চলছিল। এ মানববন্ধনটি মেহেরপুরের আলোচিত নাস্তিক চঞ্চল আহমেদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে আয়োজন করে জেলা তৌহিদী জনতা।

মানববন্ধন চলাকালীন হাফিজুল রিকশা চালিয়ে পাশ দিয়ে যাওয়ার সময় আল্লাহকে নিয়ে আপত্তিকর মন্তব্য করলে উপস্থিত জনতা ক্ষুব্ধ হয়ে তাকে ধরে গণধোলাই দেয়। পরে তাকে সদর থানা পুলিশের হাতে তুলে দেওয়া হয়।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেসবাহ উদ্দীন ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

প্রসঙ্গত, এর আগে মেহেরপুর সদর উপজেলার শোলমারী গ্রামের চঞ্চল আহমেদ তার ব্যক্তিগত ফেসবুক আইডিতে ইসলাম, ধর্ম ও ফিলিস্তিন নিয়ে কটূক্তি করেন। তারও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা খেলাফত মজলিসের সভাপতি মুফতি হুসাইন আহমাদ, সাধারণ সম্পাদক মুফতি মিনারুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মুফতি মাহবুবুর রহমানসহ স্থানীয় তৌহিদী জনতা।

ইসরাইলের গণহত্যার প্রতিবাদে গাংনীতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ

ইসরাইলের বর্বরোচিত গণহত্যার প্রতিবাদে মানববন্ধন, বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে মেহেরপুরের গাংনী উপজেলার গাঁড়াডোব গ্রামের সাধারণ জনগণ।

বুধবার সকালে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাঁড়াডোব বাজারে এই কর্মসূচি অনুষ্ঠিত হয়। এতে অংশ নেন স্থানীয় বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।

বিক্ষোভ সমাবেশে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য আখেরুজ্জামান। বক্তব্য রাখেন স্থানীয় রাজনীতিক আনসারুল হক, স্কুল শিক্ষক আব্দুর রকিবসহ আরও অনেকে।

বক্তারা বলেন, গাজায় গণহত্যা চলমান থাকলেও বিশ্ব বিবেক আজ নীরব। মানবাধিকার সংগঠনগুলোর এই নীরবতা প্রশ্নবিদ্ধ। তারা বলেন, এখন সময় এসেছে শক্তি সঞ্চয় করে প্রতিরোধ গড়ে তোলার।

সমাবেশ থেকে বক্তারা ইসরাইলের সকল ধরণের পণ্য বয়কট করার আহ্বান জানান এবং আন্তর্জাতিক মহলের দৃষ্টি আকর্ষণ করেন।